দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...

# সৃজনশীল পরীক্ষা পদ্ধতি নবম শ্রেণীতে চালু না করার আহ্বান

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সৃজনশীল পরীক্ষা পদ্ধতির সম্পূর্ণ বাস্তবায়ন ২০১১ সালের পরীক্ষার্থীদের জন্য চালু না করে নিচের শ্রেণী থেকে চালু করার আহবান জানিয়েছে নবগঠিত অভিভাবক সমন্বয় কমিটি বাংলাদেশ। গতকাল বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে রাজধানীর আটটি স্কুলের শিক্ষার্থীর অভিভাবকদের নিয়ে গঠিত কমিটি আয়োজিত এক সংবাদ সম্মেলনে তাঁরা এ আহবান জানান।

সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান খলিলুর রহমান কাদরী। এ সময় আরো উপস্থিত ছিলেন যুগ্ম মহাসচিব মাহবুবুল আলম, আবু তালেব, নিপা সুলতানা, আতাউর রহমান আতা ও মোঃ ছেফায়েত উল্লাহ্ পাটোয়ারী। লিখিত বক্তব্যে খলিলুর রহমান কাদরী বলেন, আমরা এ পদ্ধতিটিকে যুগোপযোগী হিসাবে স্বাগত জানাই। তবে এ পদ্ধতিটির সঠিক ও সফল প্রয়োগ এবং বাস্তবায়নে যথেষ্ট ত্রুটি রয়েছে। তিনি বলেন, পাঠ্যবই সৃজনশীল আকারে মুদ্রিত নয়। এ পদ্ধতিতে মুখস্থ করার বিষয়টি অবশ্যই থাকছে সেই সাথে সহায়ক গ্রন্থ চর্চারও প্রয়োজনীয়তা রয়েছে। যার ব্যবস্থা এদেশে নেই। পাঠ্য সংশ্লিষ্ট উপকরণ নেই যা চিন্তন দক্ষতা ও স্বকীয়তা বাড়াতে সাহায্য করে। শিক্ষকদের সৃজনশীল পরীক্ষা পদ্ধতি সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি।

এসব সমস্যার কারণে কোনমতেই নবম শ্রেণীতে এই পদ্ধতি প্রয়োগ করা উচিত নয়। প্রচলিত পরীক্ষা পদ্ধতির পরিবর্তে একটি নতুন পদ্ধতি সংযোজনের ক্ষেত্রে ৯ম শ্রেণীর শিক্ষার্থীদের বেছে নেয়া একটি আত্মঘাতী পরিকল্পনা ছাড়া আর কিছু নয়। তারা বলেন, এই দাবি বাস্তবায়নে আজ বৃহস্পতিবার শিক্ষামন্ত্রীর বরাবর স্মারকলিপি দেবে এবং আগামী ২৮ ফেব্রুয়ারি জাতীয় প্রেসক্লাবে মানববন্ধন ও ১৭ থেকে ২০ মার্চ সারাদেশের প্রতিটি স্কুলে সকাল ১১ টায় মানববন্ধন করা হবে।